

স্মারক নং ৭৮৭)

তারিখ: ২২/১২/২০২১ইং

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরে গৃহীত উদ্ভাবনী ধারণা, উদ্যোগ, ও উদ্ভাবনী চিন্তাধারা সংক্রান্ত প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ০৫.৫০.১০০০.০২৪.০৯.০০৩.২১-৩২৫(১১০), তারিখ: ০৯ ডিসেম্বর ২০২১খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থ বছরে গৃহীত উদ্ভাবনী ধারণা, উদ্যোগ, ও উদ্ভাবনী চিন্তাধারা সংক্রান্ত প্রস্তাব ছক মোতাবেক প্রস্তুত পূর্ব মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থ প্রেরণ করা হলো।

ক্র: নং	প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবকের নাম, পদবী ও মোবাইল নম্বর	বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নম্বর	মন্তব
১	মনের দেয়াল, শিল্পার্থীরা তাদের নিজেদের সৃষ্ট সৃজনশীল কর্মকাণ্ড যেমন: ছড়া, কবিতা, গান, কৌতুক, গল্প, চিত্রকর্ম মনের দেয়ালে প্রদর্শন করবে। তাদের সৃষ্ট কর্মের সাথে তাদের নাম, শ্রেণি, রোল ও ছবি সংযুক্ত থাকবে। এতে করে তাদের মধ্যে আনন্দ ও উৎসাহ বৃদ্ধি পাবে।	মো: কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। ০১৭১১০১৪১৮৮	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ০১৭০৯৬৩৪৯৫৯	
২	অভিভাবক কর্ণার অভিভাবকগণের বিদ্যালয়ে বসার মত কোন ব্যবস্থা না থাকায় অভিভাবকগণকে মাঠে বা আশে পাশে কষ্ট করে দাড়িয়ে/বসে থাকতে হয়, বর্ষাকালে তাদের বারান্দায় অবস্থান করা ছাড়া উপায় থাকেনা। এ সময় শিক্ষার্থীদের মনোযোগ শ্রেণিকক্ষে না থেকে বাহিরে চলে যায়। তাই বিদ্যালয় ভবনের পাশেই অভিভাবকগণের বসার জন্য গোলাকার একটি দুট্টিনন্দন ছাউনি প্রস্তুত করা যেতে পারে। তাতে করে অভিভাবকগণ বিদ্যালয়ের প্রতি আকৃষ্ট বেশি হবে এবং শিক্ষার্থী ও শিক্ষকগণের সাথে যোগ সূত্র বৃদ্ধি পাবে। বিদ্যালয়ের শোভা বৃদ্ধি পাবে।	মো: কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। ০১৭১১০১৪১৮৮	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ০১৭০৯৬৩৪৯৫৯	
৩	স্টুডেন্টস নেটওয়ার্ক এর মাধ্যমে শতভাগ উপস্থিতি নিশ্চিতকরণ, প্রতিটি বিদ্যালয়ে পাড়া ও মহল্লা ভিত্তিক ৭/৮ জন করে শিক্ষার্থীদের জন্য গ্রুপ করে দেওয়া হয়েছে। তারা লিডার/সহকারী লিডারের নেতৃত্বে একসাথে বিদ্যালয়ে আসে। এতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতি সন্তোষজনক হারে বৃদ্ধি পেয়েছে। লিডার ও সহকারী লিডার প্রতিদিন তার টিমের উপস্থিতি/অনুপস্থিতির সংখ্যা ও কারণ দায়িত্বপ্রাপ্ত সহকারী শিক্ষককে জানায় এবং সহকারী শিক্ষক প্রতিটি টিমের উপস্থিতির তথ্য নির্ধারিত ছকে লিপিবদ্ধ করেন।	মো: কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। ০১৭১১০১৪১৮৮	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ০১৭০৯৬৩৪৯৫৯	
৪	সহকারী শিক্ষকগণের ১৩ তম গ্রেড সহজীকরণ, বর্তমানে উপজেলা শিক্ষা অফিসগুলোতে সহকারী শিক্ষকগণের ১৩ তম গ্রেড প্রদানের ক্ষেত্রে অনেক জটিলতার সৃষ্টি হচ্ছে যেমন- প্রথমে সার্ভিস বহি হালফিল করণ, সার্ভিস বহি গোছানো, শিক্ষক সংখ্যা নির্বাচন, শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ, শিক্ষক সংখ্যা অনুসারে সার্ভিস বহি উপজেলা হিসাব রক্ষণ অফিসে প্রেরণ, ইনক্রিমেন্ট কর্তন, খাপ নির্বাচন, পরবর্তীতে ইনক্রিমেন্ট আপগ্রেড করে সার্ভিস বহিতে এন্ট্রিকরণ, ২ টি পে ফিক্সেশন ফরম প্রিন্ট করা, পুনরায় সার্ভিস বহিতে উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর নিশ্চিতা এই সমস্ত কর্মকাণ্ড ও জটিলতা উত্তোলনের জন্য সহকারী শিক্ষকদের ১৩ তম গ্রেড সহজীকরণের জন্য আমার ০৪ টি সুপারিশ- ক) ০১ মাসের মধ্যে সকল সহকারী শিক্ষকগণের সার্ভিস বহি হালফিল করণ। খ) উপজেলা হিসাবরক্ষণ অফিসে সার্ভিস বহিগুলো প্রেরণ। গ) কোন প্রকার প্রিন্ট কপি ছাড়াই শিক্ষকের উচ্চতর স্কেল সার্ভিস বহিতে লিপিবদ্ধকরণ ও স্বাক্ষর নিশ্চিতা ঘ) বিল প্রস্তুত পূর্বক হিসাবরক্ষণ অফিসে দাখিল।	মো: কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। ০১৭১১০১৪১৮৮	মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। ০১৭০৯৬৩৪৯৫৯	

২২/১২/২১  
(মোঃ কামরুল হাসান)  
উপজেলা শিক্ষা অফিসার  
শাজাহানপুর, বগুড়া।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
জেলা প্রশাসকের কার্যালয়  
বগুড়া।